গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: পাটগাতী ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টুঙ্গীপাড়া গোপালগঞ্জ পরিদর্শন প্রতিবেদন

গত ০২.০৩.২০২৪ খ্রি: তারিখ বেলা ১.৩০ টায় পাটগাতী ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টুঙ্গীপাড়া গোপালগঞ্জ পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, গোপালগঞ্জ সদর উপজেলা মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরুপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : পাটগাতী ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টুঙ্গীপাড়া গোপালগঞ্জ
০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০২/০৩/২০২৪, বেলা-১.৩০ টা
০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়
০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

ক্রম	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
০১	মেডিকেল অফিসার (ক্লিনিক)	০১	০১	০০	মেডিকেল অফিসার পদনামে কর্মরত আছেন
০২	মেডিকেল অফিসার (এ্যানেসথেসিয়া)	০১	০০	০১	অতিরিক্ত দায়িত্বে ০১ জন কর্মরত আছেন
০৩	ফার্মাসিস্ট	০১	০১	০০	
০৪	উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার	০০	০১	০০	টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ হতে ০১ জন প্রেষনে কর্মরত আছেন
০৫	পরিবার কল্যাণ পরিদর্শকা	০৪	০০	০৪	সদর গোপালগঞ্জ হতে ০১ জন প্রেষনে কর্মরত আছেন
০৬	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রা:	০১	০০	০১	
০৭	সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট	০০	০১	০০	এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের প্রজেক্ট (উন্নয়ন) এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ০১ জন সংযুক্তিতে আছেন
০৮	গাড়ি চালক	০১	০০	০১	০১ জন গাড়ী চালক প্রেষণে কর্মরত আছেন
০৯	মিডওয়াইফ	০০	০০	০০	সদর গোপালগঞ্জ হতে ০১ জন প্রেষনে কর্মরত আছেন
১০	আয়া	০১	০০	০১	০১ হন সংযুক্তিতে আছেন
১১	অফিস সহায়ক	০১	০০	০১	
১২	পরিচ্ছন্নতা কর্মী/সিকিউরিটি গার্ড আউট সোর্সিং কর্তৃক	০২	০১	০১	

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলেই উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : প্রযোজ্য নয়

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক,

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ভালো

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : ভালো

১১। কোন সমস্যা/চাহিদা : ১. একটি পূর্ণাঙ্গ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কার্যক্রম চালু করতে মেডিকেল অফিসার (ক্লিনিক/এ্যানেসথেসিয়া) সহ অন্যান্য জনবলের প্রয়োজনীয়তা আবশ্যক।

২. অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে কেন্দ্রে রোগীদের প্যাথলজিক্যাল পরীক্ষা (ব্লাডগ্রুপিং,সিবিসি, আরবিএস ইত্যাদি) ব্যবস্থা থাকতে হবে।

৩. প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবনের অভ্যন্তরীন সংস্কার প্রয়োজন।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) ঃ অত্র কেন্দ্রে কর্মরত সকল কর্মচারী কেন্দ্রের আবাসিক ভবনে বসবাস করেন। কেন্দ্র পরিদর্শনকালে বিভিন্ন রেজিষ্টার যাচাই বাছই করে রেজিষ্টার অনুযায়ী কেন্দ্রে সেবা নিতে আসা রোগীদের সাথে কথা বলে জানা যায় অত্র কেন্দ্রে কর্মরত সেবাদানকারীগণ কেন্দ্রে আগত রোগীদের সার্বক্ষনিক সেবা প্রদান করে থাকেন। সেবাদানকারীগন গর্ভবতী মায়েদের ইডিডি তারিখ অনুযায়ী প্রতিদিন গর্ভবতী মায়েদের ফোন করে খোঁজ খবর নেন এবং অত্র প্রতিষ্ঠানে ডেলিভারী করার জন্য উদ্বুদ্ধ করেন। অত্র কেন্দ্রে গর্ভবতী মায়েদের বিনামূল্যে আলট্রাসনোগ্রাম সেবাসহ গর্ভবতী মায়েদের বাড়ীতে পৌছে দেয়ার জন্য বিনামূল্যে এ্যাম্বুলেন্স সেবাও প্রদান করা হয়ে থাকে। পরিদর্শনকালীন সময়ে ০১ জন গর্ভবতী মা নরমাল ডেলিভারী করার সময় ভর্তি ছিলেন। তার সাথে কথা বলে জানা যায় অত্র কেন্দ্রের সেবা পেয়ে তিনি সন্তুষ্ট আছেন। অত্র কেন্দ্রে প্রতিদিন গড়ে ১০-১২ জন মাকে গর্ভকালীন সেবা, ১৫-২০ জন কিশোর-কিশোরীকে কাউন্সিলিং করে থাকেন। পাটগাতী ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ-কে আরোও মানসম্পন্ন করার লক্ষ্যে শূন্য পদসমূহ পূরণ আবশ্যক। বিশেষ করে মেডিকেল অফিসার (ক্লিনিক/এ্যানেসথেসিয়া) এবং অন্যান্য প্রয়োজনীয় জনবল পদায়ন করা হলে সেবার মান অধিকতর বৃদ্ধি পাবে। অত্র প্রতিষ্ঠানে সেবা নিতে আশা গর্ভবতী মায়েদের নিয়ে মা সমাবেশ করা গেলে তাদের মধ্যে আরও প্রাতিষ্ঠানিক ডেলিভারী করার জন্য আরোও সচেতনতা বৃদ্ধি পাবে।

২৪/৮/২০২৪

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬০
Email population2@mefwd.gov.bd